দৈনিক বাংলা

তারিখ ২০।৭।৮২

230

075

# শাহজালাল এক্সপ্রেস ট্রেনের নয়া সময়সূচী

বাংলাদেশ রেলওয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে, আগামী ২৪শে জানুয়ারী থেকে ঢাকা-সিলেটের মধ্যে চলাচলকারী ৬৯ আপ/৭০ ডাউন হযরত শাহজালাল এক্সপ্রেস উভয় দিক হতে দিনের বেলায় চলাচল করবে। ঐদিন থেকে আখাউড়া-সিলেটের মধ্যে চলাচলকারী ১৭আপ/১৮ ডাউন এক্সপ্রেস চলাচল করবে না। হযরত শাহজালাল এক্সপ্রেসে সকল শ্রেণীর বগী সংযোজন করা হবে। আখাউড়া এবং সিলেটের মধ্যে চলাচলকারী ১৭/১৮ ডাউনের বিরতিসমূহ হযরত শাহজালাল এক্সপ্রেস ট্রেনে প্রদান করা হবে।

হযরত শাহজালাল এক্সপ্রেসের নয়া সময়সূচী হলো ঢাকা ছাড়বে ৯-৩০ মিনিটে, সিলেটে পৌঁছবে ১৮-৫০ মিনিটে এবং সিলেট ছাড়বে ৮টায় ঢাকা পৌঁছবে ১৭-৩৫ মিনিটে।

চট্টগ্রাম এবং ঢাকার মধ্যে ১৩

(৩-এর পৃঃ দ্রঃ)

## সময়সূচী

(৭-এর পৃঃ পর)

আপ/১৪ ডাউন উল্কা এক্সপ্রেস চট্টগ্রাম থেকে সকাল ৭টার পরিবর্তে সকাল ৮টায় ছাড়বে এবং ঢাকায় পৌঁছবে বিকেল ৩-৫৫ মিনিটে। একইভাবে ঢাকা থেকে ট্রেনটি ৭-৩০ মিনিটে ছাড়বে এবং বিকেল ৩-১০ মিনিটে চট্টগ্রাম পৌঁছবে।

বিজ্ঞপ্তিতে বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় স্টেশন মাস্টারের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে।